দর্শনার রামনগর গ্রামে আখচাষী সমাবেশ অনুষ্ঠিত

দর্শনা পৌরসভার রামনগর মিলগেট পশ্চিম সাবজোনের ২২নং ইউনিটে আখচাষী সমাবেশ অনুষ্টিত হয়েছে। গতকাল রবিবার বিকাল ৫ টায় রামনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এ আখচাষী সমাবেশ অনুষ্টিত হয়।

আখচাষী সমাবেশে ডিজিএম কৃষি (সম্প্রসারন) মাহাবুবুর রহমানের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন,কেরু এ্যান্ড কোম্পানীর নবাগত ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

এ সময় তিনি বলেন, আপনারা আখ চাষ করুন আগামীতে আখের মৃল্য আরও বৃদ্ধি করা হবে। আপনারা আখ লাগাবেন এবং সার্বিক সহিযোগিতা করবে কেরু এ্যান্ড কোম্পানি। এ মিল আপনাদের এ মিল টিকে থাকলে আপনাদের অর্থনৈতিক ভাবে সচ্ছলতা আসবে। আগামী অর্থ বছরে আখের মৃল্য টন প্রতি ৬ হাজার ৫শ টাকা নির্ধারন করা হবে। তিনি আরও বলেন ভাল বীজের আখ লাগাবেন আপনার লাভবান হবেন। এবং পরিস্কার-পরিচ্ছন্ন আখ সরবাহ করবেন। অধিক চিনি আহরনের জন্য পরিস্কার-পরিচ্ছন্ন ও টপট্রাসমুক্ত আখ মিলে সরবরাহ করার আহব্বান জানান তিনি। তিনি যোগদানের পর থেকে আখচাষীদের দারপ্রন্তে ছুটছেন। তিনি আখচাষীদের বিভিন্ন অভাব অভিযোগও শুনছেন। তিনি চাষীদের ন্যয্যতার কথা বলছেন এবং চাষীদের আসস্ত করছেন।

এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মহাব্যবস্থাপক (কারখানা), সুমন কুমার সাহা, মহাব্যবস্থাপক (কৃষি) মোহাম্মদ আশরাফুল আলম ভূঁইয়া। এ সমাবেশে প্রায় ৩শ আখচাষী উপস্থিত ছিলেন।

গাংনীতে পাঁচকেজি গাঁজাসহ আটক

১

সোহরাব হোসেন (৩৮) নামের এক মাদক কারবারীকে আটক করেছে পুলিশ। তার কাছ থেকে জব্দ করা হয়েছে পাঁচ কেজি গাঁজা।

আজ শুক্রবার দুপুর দেড়টার দিকে মেহেরপুরের গাংনীর ভবানীপুর ক্যাম্প পুলিশের একটি টীম তাকে হাড়াভাঙ্গা কাদের মোল্লা মোড় থেকে আটক করে। সোহরাব হোসেন গাংনী উপজেলার রামনগরের মোস্তফার ছেলে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, একজন মমাদক কারবারী সীমান্ত এলাকা থেকে গাঁজা নিয়ে হাড়াভাঙ্গা রাস্তা দিয়ে আসছে মর্মে সংবাদের ভিত্তিতে অভিযান চালান এসআই জহির ও সঙ্গীয় ফোর্স। এসময় সোহরাব হোসেনের কাছে রাখা একটি ব্যাগে তল্লাশী চালিয়ে পাঁচ কেজি গাঁজা পাওয়া গেলে তাকে আটক করা হয়।

তার বিরুদ্ধে মাদক আইনে মামলা দায়ের সাপেক্ষে ওই মামলায় গ্রেপ্তার দেখিয়ে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়।

গাংনীর রামনগরে বাঁশ নিয়ে ফ্যাসাদ! উভয়পক্ষের ৫ জনসহ আহত

- ৭

গাংনী উপজেলার রামনগর গ্রামে বাঁশ কাটাকে কেন্দ্র করে সৃষ্ঠ সংঘর্ষে দুই পক্ষের ৫ জন আহত হয়েছেন।

আহতরা হলেন, রামনগর গ্রামের মৃতু আব্দুস সাত্তারের ছেলে আমিরুল ইসলাম (৩৫) ও শহিদুল ইসলাম (৪০)। অপরপক্ষের আহতরা হলেন, মৃতু হারুন অর রশিদের ছেলে আজমত আলী (৬৫), ছেলে জিয়ারুল ইসলাম (৪৫) ও তার ছেলে সাহারুল ইসলাম (২১)।

আজ বৃহস্পতিবার (১৪ জুলাই) সকাল ৯ টার দিকে এ সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা সকলেই গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌ের প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।

আহত জিয়ারুল ইসলাম জানান, আমার বাবা দাদার পৈত্রিক সম্পত্তির উপর থাকা বাঁশ প্রতিপক্ষ শহিদুল ইসলাম ও আমিরুল কেটে নেয়। আমরা তাদের নিষেধ করলে আমাদের নানাভাবে গালাগাল করেন। প্রতিবাদ করলে তারা লাঠি শোঠা নিয়ে আমাদের উপর হামলা করেন। অপরদিকে শহিদুল ইসলাম অভিযোগ করেন, আমরা বাঁশ ঝাড়ের কিছু বাঁশ তাদের জমির উপর পড়লে প্রতিপক্ষরা সে বাঁশ তাদের দাবী করেন। আজ সকালের দিকে বাঁশ নিয়ে উভয় পরিবারের লোকজনের বাকবিতন্ডার এক পর্যায়ে সংঘর্ষ সৃষ্টি হয়। এতে উভয়পক্ষের ৫ জন আহত হন।

অপরদিকে গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামে প্রতিপক্ষের হামলায় আহত হয়েছেন মৃতু ওমর আলীর ছেলে জাহিদ (৩৫) ও চাঁদপুর গ্রামের মিলন হোসেনের ছেলে নাসিম হোসেন (১৩)।